সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 19 Nov 2026, 04:34 PM

জাতীয়

হাতিরঝিলের ফ্ল্যাট থেকে চারটি তাজা ককটেল উদ্ধার

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: শুক্রবার, ৩০ অক্টোবর ২০২৬, ০৩:৫৯ PM



রাজধানীর পুরোনো রমনা থানার সামনে ককটেল বিস্ফোরণের ঘটনায় দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে তাঁদের শনাক্ত করা হয়। পরে তাঁদের দেওয়া তথ্যের ভিত্তিতে হাতিরঝিলের একটি ফ্ল্যাট থেকে চারটি তাজা ককটেল উদ্ধার করা হয়েছে। পরে বোমা নিষ্ক্রিয়করণ দল ককটেলগুলো নিষ্ক্রিয় করে।

শুক্রবার (৩০ অক্টোবর) ভোর ৪টা থেকে সাড়ে ৪টার মধ্যে রাজধানীর হাতিরঝিল থানার নয়াটোলা চেয়ারম্যান গলি এলাকায় অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন জাহিদুল ইসলাম অনিক (২০) ও শিহাব হোসেন আমি (১৯)।

রমনা বিভাগ পুলিশ সূত্রে জানা গেছে, গত ২৩ অক্টোবর রাতে পুরোনো রমনা থানার সামনে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। একদল দুর্বৃত্ত আকস্মিকভাবে ককটেল বিস্ফোরণ ঘটিয়ে এলাকায় আতঙ্ক সৃষ্টি করে। এ ঘটনায় থানায় বিস্ফোরক আইনে একটি মামলা হয়। পরে তদন্তে নামে পুলিশ।

তদন্তের অংশ হিসেবে ঘটনাস্থল ও আশপাশের এলাকার সিসিটিভি ক্যামেরার ফুটেজ বিশ্লেষণ করা হয়। ফুটেজ দেখে দুই সন্দেহভাজনকে শনাক্ত করে পুলিশ।

এর ধারাবাহিকতায় শুক্রবার ভোরে হাতিরঝিল থানার ৪৫৩ নম্বর নয়াটোলা চেয়ারম্যান গলির একটি বহুতল ভবনে অভিযান চালানো হয়। সেখান থেকে অনিক ও শিহাবকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তার ব্যক্তিরা ওই বাসায় আরও বিস্ফোরক মজুত থাকার কথা জানান। পরে তাঁদের দেওয়া তথ্য অনুযায়ী, ফ্ল্যাটের ভেতর থেকে লাল স্কচটেপে মোড়ানো চারটি তাজা ককটেল উদ্ধার করা হয়।

শুক্রবার সকাল আটটার দিকে রমনা ও হাতিরঝিল থানার ঊর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে মগবাজার-মধুবাগ মাঠে বোমা নিষ্ক্রিয়করণ দলকে ডাকা হয়। পরে বিশেষ সুরক্ষাব্যবস্থা ও প্রযুক্তি ব্যবহার করে দলটি ককটেলগুলো বিস্ফোরণের মাধ্যমে নিষ্ক্রিয় করে।

রমনা বিভাগের উপপুলিশ কমিশনার (ডিসি) শেখ জাহিদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, গ্রেপ্তার দুজন বর্তমানে রমনা থানা-পুলিশের হেফাজতে রয়েছেন। তাঁদের নিবিড়ভাবে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এই চক্রের পেছনে রাজনৈতিক বা অন্য কোনো নাশকতামূলক উদ্দেশ্য ছিল কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। এ ঘটনায় পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়া হবে।

এ বিভাগের আরও খবর



সাজেকে আবারও গোলাগুলি
দেশে অন্যতম পর্যটন স্থান রাঙামাটির সাজেকে আবারও গোলাগুলির ঘটনা ঘটেছে। শনিবার (৩১ অক্টোবর) দুপুর ১টার দিকে সাজেকের কলাবুনিয়া এলাকায় দুর্গম প...



শ্রমিক বিক্ষোভে আশুলিয়ার ১৩ কারখানায় সাধারণ ছুটি
ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা নির্ধারণ, ব্ল্যাকলিস্টিং বন্ধসহ বিভিন্ন দাবিতে রাজধানীর মিরপুর ও আশুলিয়ায় বিক্ষোভ করেছেন তৈরি পোশাক কারখানার শ্র...



বেতন-ভাতা বৃদ্ধির দাবিতে ফের মহাসড়ক অবরোধ, ৭ কিলোমিটারজুড়ে যানজট

বেতন-ভাতা বৃদ্ধির দাবিতে দ্বিতীয়বারের মতো ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করেছেন গাজীপুরের কালিয়াকৈরের কয়েকটি পোশাক কারখানার শ্রমিকরা। এতে মহাসড়ক...



এইচএসসিতে নির্মোহ মূল্যায়ন, অকৃতকার্যদের পুনঃপরীক্ষা এক মাসের মধ্যে: মাহদী আমিন

২০২৬ সালের উচ্চমাধ্যমিক ও সমমান পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য এক মাসের মধ্যে পুনঃপরীক্ষার আয়োজনের উদ্যোগ নেওয়া হচ্ছে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.seradealbd.com/national/hatirjhiler-fljat-theke-charti-taja-kktel-uddhar